

বস্তু: পরিচালনা ইপিটিউট, যশুড়া	
উপাধায়ক	
চিফ ইন্স./বি: প্রধান	
প্রোগ্রামার	
প্রধান সহকারী	
সিনিয়র সহকারী	
ক্যাশিয়ার	
কোম্পিউটার	
অধ্যক্ষের	
স্বাক্ষর	



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bteb.gov.bd



তারিখ: ৩০ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ
১৫ নভেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত (স্মারক নং- ৫৭.০০.০০০০.০৫৩.৯৯.০০৫.২১-১৬৯ তারিখঃ ১৩ জুন, ২০২১ খ্রি.) প্রজ্ঞাপনের আলোকে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের মূল টেকনোলজির সাথে সামঞ্জস্যপূর্ণ ইমার্জিং টেকনোলজিগুলোর পঠিত বিষয়সমূহের মধ্যে যাদের ন্যূনতম ৬৫% মিল আছে সে সকল ইমার্জিং টেকনোলজির শিক্ষার্থীদের সমতুল্য সনদ প্রদানের কার্যক্রম আরম্ভ করার লক্ষ্যে আগামী ১৮ নভেম্বর ২০২১ খ্রি. হতে আবেদনপত্র গ্রহণ করা হবে। সমতুল্য সনদ গ্রহণে আগ্রহী শিক্ষার্থীদের বোর্ড নির্ধারিত ফরম পূরণপূর্বক সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ ছক-২ এ বর্ণিত ফি পরিশোধ করে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

ছক-১

ক্র. নং	মূল টেকনোলজি	মেকআপ কোর্সের প্রয়োজন আছে (ন্যূনতম ৬৫% মিল আছে)	মেকআপ কোর্সের প্রয়োজন নেই (ন্যূনতম ৬৫% মিল আছে)
১.	সিভিল	-	সিভিল (উড), কম্পিউটার, এনডায়রনমেন্ট
২.	আর্কিটেকচার	আর্কিটেকচার অ্যান্ড ইন্টেরিয়র ডিজাইন	-
৩.	ইলেকট্রিক্যাল	ইলেকট্রনিক্স, ইলেকট্রোমেডিক্যাল, টেলিকমিউনিকেশন	ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড প্রসেস কন্ট্রোল
৪.	কম্পিউটার	-	কম্পিউটার সাইন্স এন্ড টেকনোলজি, ডাটা টেলিকমিউনিকেশন অ্যান্ড নেটওয়ার্কিং
৫.	মেকানিক্যাল	পাওয়ার, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং, অটোমোবাইল, মাইনিং অ্যান্ড মাইন সার্ভে	মেকট্রনিক্স
৬.	কেমিক্যাল	ফুড	-
৭.	মেরিন	-	শিপ বিল্ডিং
৮.	এয়ারক্রাফট মেইনটেন্যান্স	-	এয়ারক্রাফট মেইনটেন্যান্স (এরোস্পেস), এয়ারক্রাফট মেইনটেন্যান্স (এভিয়োনিক্স)
৯.	লেদার	-	লেদার প্রোডাক্ট অ্যান্ড এক্সেসরিজ, ফুটওয়ার

ছক-২

ক্র. নং	ধরণ	কার্যদিবস	বোর্ড নির্ধারিত ফি
১.	অতি জরুরী	০১ (এক) কার্যদিবসের মধ্যে	৭০০/-
২.	জরুরী	০৩ (তিন) কার্যদিবসের মধ্যে	৫০০/-
৩.	সাধারণ	০৭ (সাত) কার্যদিবসের মধ্যে	২০০/-

বিঃ দ্রঃ

- সমতুল্য সনদ গ্রহণের সময় ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং-এর মূল সনদপত্র ও সর্বশেষ নম্বরপত্র প্রদর্শন করতে হবে।
- আবেদনের সাথে মূল সনদ পত্র এবং সর্বশেষ নম্বরপত্রের ফটোকপি জমা দিতে হবে।
- অধ্যক্ষের সুপারিশ ব্যতীত আবেদন গ্রহণযোগ্য হবে না।
- যাদের মেকআপ কোর্সের প্রয়োজন আছে এমন শিক্ষার্থীগণ মেকআপ কোর্স সম্পন্নপূর্বক সমতুল্য সনদের জন্য আবেদন করতে পারবে। অতি শীঘ্রই মেকআপ কোর্স গ্রহণের ব্যপারে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে বিজ্ঞপ্তি ও মেকআপ কোর্স নীতিমালা প্রকাশ করা হবে।

(প্রকৌ. ফরিদ উদ্দিন আহমেদ)
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

অধ্যক্ষ


সরকারি/বেসরকারি পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (সকল)।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০৫.২১.০০২ (১১)

তারিখ : ১৫/১১/২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(দৃঃ আঃ অতিরিক্ত সচিব (কারিগরি অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।)
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
(দৃঃ আঃ পরিচালক, পলিটেকনিক (পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।)
- ৩। উপসচিব (কারিগরি-৩), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫-৮। সচিব/পরিচালক (আইটিসি)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১০। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা।
- ১১। অফিস নথি।



ইঞ্জি. মোঃ হাম্মুন কবির

মূল্যায়ণ কর্মকর্তা


বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

তারিখ : ১৫/১১/২০২১ খ্রিঃ

স্মারক নং-৫৭.০৩.১০২০.৩০২.৯৯.০০৩.২০২১- ২৪৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

১. উপাধ্যক্ষ/ওসি একাডেমিক, এ ইন্সটিটিউট।
২. চীফ ইন্সট্রাক্টর/বিভাগীয় প্রধান (সকল), এ ইন্সটিটিউট।
৩. সংযুক্ত কর্মকর্তা, প্রেসমেন্ট সেল, এ ইন্সটিটিউট [বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
৪. রেজিস্ট্রার/প্রধান সহকারী/ হিসাব রক্ষক/কোষাধ্যক্ষ/কেয়ারটেকার/ফার্মাসিস্ট/লাইব্রেরিয়ান, এ ইন্সটিটিউট।
৫. নোটিশ বোর্ড, পাওয়ার হাউজ/উত্তর- দক্ষিণ প্রান্তিক ছাত্রাবাস/করতোয়া ছাত্রাবাস, এ ইন্সটিটিউট।
৬. নথি।



(প্রকৌ. মোঃ জয়নাল আবেদীন)

অধ্যক্ষ

বগুড়া পলিটেকনিক ইন্সটিটিউট, বগুড়া।

